ভোরের কাগজ

তারিখ ... 04 DEC 1998 ...
পৃষ্ঠা ১২ কলাম ... ১ ...

## উপদলীয় কোন্দলের জের

# চট্টগ্রাম প্রেসক্লাবে ছাত্রলীগের দুগ্রুপে ধাওয়া-ধাওয়ি, আহত ৫

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়রের আহ্বানে চট্টগ্রাম প্রেসক্লাবে সন্ত্রাসবিরোধী গোলটেবিল বৈঠক শেষ হওয়ার দুদিনের মাথায় গতকাল চট্টগ্রাম প্রেসক্লাব ও এর চত্বরে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যেই ঘটে গেলো সন্ত্রাসী ঘটনা। সকাল ১১টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত ছাত্রলীগের বিবদমান দুটি উপগ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। এ সময় প্রেসক্লাবে উপস্থিত সাংবাদিক ও প্রেসক্লাবের সামনের রাস্তায় চলাচলকারী লোকজনের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ সদস্য আ জ ম নাসির সমর্থিত ছাত্রলীগের গ্রুপের মধ্যে সম্প্রতি অন্তর্কোন্দলের জের ধরে গতকাল এই ঘটনা ঘটে। উল্লেখ্য, গত ১৯ অক্টোবর চট্টগ্রাম সরকারি কমার্স কলেজে বি কম (পাস) ৪৯তম ব্যাচের বিদায় অনুষ্ঠানে নাসির গ্রুপ থেকে বের হয়ে যাওয়া আগ্রাবাদ মোগলটুলি এলাকার ছাত্রলীগ নামধারী নেতা কাদের গ্রুপের সংঘর্ষ হয়। মূলত এটিই ছিল আ জ ম নাসির গ্রুপের মধ্যে সৃষ্ট বিভক্তির প্রকাশ্য কোন্দল। এর পর থেকে নগরীর বিভিন্ন স্থানেই এ ধরনের ছোটখাটো ধাওয়া-পাল্টা ধাওয়া চলতে থাকে।

গতকাল আবার খোদ প্রেসক্লাবে এসেই ছাত্রলীগ নামধারীরা সন্ত্রাসী কাজে লিপ্ত হয়। জানা যায়, গতকাল বৃহস্পতিবার সকালে সংবাদ সম্মেলন করার জন্য কমার্স কলেজ ছাত্রলীগ অনুমতি নেয়। জানা যায়, কাদের গ্রুপের ছেলেরাই সংবাদ সম্মেলনের জন্য আবেদন করেছিল প্রেসক্লাব কর্তৃপক্ষের কাছে। কিন্তু গতকাল সকালে আ জ ম নাসির গ্রুপের নেতৃত্বাধীন গ্রুপের দিদারুল আলম দিদার, তৌফিকুর রহমান, ইফতেখারউদ্দিন সাগর ও খালেদ হোসেন মাসুকের নেতৃত্বে একটি গ্রুপ প্রেসক্লাবে এসে সংবাদ সম্মেলনের আয়োজন করে। তারা একটি লিখিত বক্তব্য পাঠও করে।

ইতিমধ্যে কাদের গ্রুপের ছেলেরা মাইক্রোবাস, প্রাইভেট কার ও টেক্সিযোগে এসে হাজির হয় প্রেসক্লাব চত্বরে। এরা পৌঁছামাত্র দিদার-মাসুক গ্রুপের ছেলেরা কাদের গ্রুপের ছেলেদের ইটপাটকেল ছুঁড়ে ধাওয়া করে। উভয়পক্ষের মধ্যেই ধাওয়া-পাল্টা ধাওয়া চলে প্রায় আধঘন্টাব্যাপী। এ সময় কমপক্ষে ৫ জন আহত হয়।